# কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

১৫৪. আমি অমুক সূরা কিংবা অমুক আয়াত ভুলে গিয়েছি এমন বলা

আব্দুল্লাহ্ বিন্ মাস্’ঊদ্ (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

لاَ يَقُلْ أَحَدُكُمْ : نَسِيْتُ آيَةَ كَيْتَ وَكَيْتَ ، بَلْ هُوَ نُسِّيَ

“তোমাদের কেউ যেন এমন না বলে যে, আমি অমুক অমুক আয়াত ভুলে গিয়েছি ; বরং সে বলবে: আমাকে ভুলিয়ে দেয়া হয়েছে”।

অন্য বর্ণনায় রয়েছে,

بِئْسَمَا لِلرَّجُلِ أَنْ يَقُوْلَ : نَسِيْتُ سُوْرَةَ كَيْتَ وَكَيْتَ أَوْ نَسِيْتُ آيَةَ كَيْتَ وَكَيْتَ، بَلْ هُوَ نُسِّيَ

“কারোর জন্য এমন বলা খুবই নিকৃষ্ট যে, আমি অমুক অমুক সূরা এবং অমুক অমুক আয়াত ভুলে গিয়েছি ; বরং সে বলবেঃ আমাকে ভুলিয়ে দেয়া হয়েছে”। (মুসলিম, হাদীস ৭৯০)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11404

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন